

□ বাক্যের কয়টি অংশ ও কী কী?

উঃ বাক্যের দুটি অংশ। যথা—উদ্দেশ্য ও বিধেয়।

বাক্য	উদ্দেশ্য	বিধেয়
১। আমি বই পড়ি।	আমি	বই পড়ি।
২। অমল বল খেলে।	অমল	বল খেলে।

□ উদ্দেশ্য কাকে বলে?

উঃ বাক্যের মধ্যে যার সম্বন্ধে কিছু বলা হয় তাকে উদ্দেশ্য বলে। যেমন—
(১) আমি বই পড়ি। (২) অমল বল খেলে। এখানে প্রথম বাক্যে 'আমি' সম্পর্কে বলা হয়েছে। 'আমি' উদ্দেশ্য। দ্বিতীয় বাক্যে 'অমল' সম্পর্কে কিছু বলা হয়েছে। 'অমল' উদ্দেশ্য।

□ বিধেয় কাকে বলে?

উঃ বাক্যে উদ্দেশ্য সম্পর্কে যা কিছু বলা হয় তাকে বিধেয় বলে। যেমন— আমি বই পড়ি। অমল বল খেলে। এখানে আমি সম্পর্কে কী বলা হয়েছে? আমি কী করি? —বই পড়ি। 'বই পড়ি' বিধেয়। অমল কী করে? — বল খেলে। 'বল খেলে' বিধেয়।



নীচে বাক্যের উদ্দেশ্য ও বিধেয়-এর উদাহরণ দেওয়া হল।

বাক্য	উদ্দেশ্য	বিধেয়
১। ছেলেরা বল খেলে।	ছেলেরা	বল খেলে।
২। রমা বই পড়ছে।	রমা	বই পড়ছে।
৩। কৃষক জমিতে ফসল ফলায়।	কৃষক	জমিতে ফসল ফলায়।
৪। কয়েকজন জেলে পুকুরে মাছ ধরছে।	কয়েকজন জেলে	পুকুরে মাছ ধরছে।

□ ৩। নীচের বাক্যগুলি থেকে উদ্দেশ্য ও বিধেয় অংশ খুঁজে বের করো।

- (ক) পিঁপড়েগুলির মুখে কণা কণা কাঁকর। (খ) সে ফুডুক করে উড়ে পালাল। (গ) মাতঙ্গিনী সে বাধা মানলেন না। (ঘ) ভীষ্ম বাবুই-এর আখের খেত রয়েছে। (ঙ) সকালে সোনার রবি পূব দিকে ওঠে।